গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী ।
www.goalanda.rajbari.gov.bd

১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ জাকির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ : ২৮ ফেব্রুয়ারি, ২০২৩
সময় : বেলা ১২:০০ টা
উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা: পরিশিষ্ট ‘ক’

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সভার কাজ শুরু করা হয়। অত:পর ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যবিবরণী ও গৃহীত কর্মসূচিসমূহ সভায় পাঠ করে শুনানো হয়। ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সুচিন্তিত মতামত ও সুপারিশ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়।

২। উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের মতামত এবং সুপারিশের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনান্তে গোয়ালন্দ উপজেলায় ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৭.০৩.২০২৩ | সূর্যোদয়ের সাথে সাথে | People’s Republic of Bangladesh Flag Rules, 1972 অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন | সরকারি, বে-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষাপ্রতিষ্ঠান, বে-সরকারি ভবন, দোকান মালিকগণ, বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ভবন মালিকগণ |
| | সকাল ৯.০০ টা | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ | উপজেলা পরিষদ চত্বর | সংশ্লিষ্ট উপকমিটি |
| | সকাল ৯.৩০ টা | বর্ণাঢ্য শোভাযাত্রা | সরকারি গোয়ালন্দ কামরুল ইসলাম কলেজ হতে উপজেলা পরিষদ চত্বর | সংশ্লিষ্ট উপকমিটি |
| | সকাল ০৯.৩০ টা | **প্রাথমিক পর্যায়**<br>(ক-বিভাগ) ১ম-৩য় শ্রেণী : চিত্রাঙ্কন প্রতিযোগিতা<br>(খ-বিভাগ) ৪র্থ -৫ম শ্রেণী: বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতা | উপজেলা পরিষদ সভাকক্ষ | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| | | **মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়**<br>(ক-বিভাগ) ৭ম-৮ম শ্রেণী: বঙ্গবন্ধুর জীবনের একটি উল্লেখযোগ্য ঘটনার উপর রচনা প্রতিযোগিতা (৮০০ হতে ১০০০ শব্দ)<br>(খ- বিভাগ) ৯ম-১০ম শ্রেণী:<br>স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধুর জনহিতকর কাজের উপর রচনা প্রতিযোগিতা (৮০০ হতে ১০০০ শব্দ)<br>(গ- বিভাগ) ১১শ-১২শ শ্রেণী: বঙ্গবন্ধু ও বিদ্রোহী মার্চের উপর রচনা প্রতেযোগিতা<br>(১০০০ হতে ১২০০ শব্দ) | | |
| | সকাল ১০.০০ টা | বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টরী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ প্রচার, আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও শিশুদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান | উপজেলা পরিষদ চত্বর | সংশ্লিষ্ট উপকমিটি |
| | | অসচ্ছল, মেধাবী শিশু শিক্ষার্থীদের মধ্যে আর্থিক অনুদান বিতরণ | | |
| | | যুব ঋণের চেক বিতরণ | | |
| | | শিশু শিক্ষার্থীদের মধ্যে ক্রীড়া সামগ্রী বিতরণ | | |
| | বাদ যোহর/সুবিধাজনক সময় | জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে সকল মসজিদে দোয়া মাহফিল এবং অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা | উপজেলার সকল মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয় | উপজেলার সকল মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয়ের প্রধানগণ। |

১। সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules,1972 মোতাবেক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে। পুরাতন/ছেড়া, ময়লাযুক্ত, রংচটা কিংবা অপরিপাটি জাতীয় পতাকা কিংবা কোন লাঠিতে জাতীয় পতাকা উত্তোলন না করে সঠিক মাপের সরল দন্ডের সাথে জাতীয় পতাকা উত্তোলনের জন্য সকল কর্মকর্তা ও বে-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও ভবন মালিকগণকে অনুরোধ জানানো হয়।

২। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা/কর্মচারীকে রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

৩। জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে প্রতিটি ইউনিয়ন পরিষদে দিবসটি উদযাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), ওজোপাডিকো লিঃ, গোয়ালন্দ, রাজবাড়ী গোয়ালন্দ উপজেলায় ১৭.০৩.২০২৩ তারিখ সকাল থেকে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সচল রাখার জন্য অনুরোধ জানানো হয়।

৫। বঙ্গবন্ধুর প্রতিকৃতিসহ বর্ণিত অনুষ্ঠানের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার স্বার্থে যথাস্থানে পুলিশ ফোর্স/আনসার ভিডিপি বাহিনী মোতায়েনসহ নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ় করার লক্ষ্যে অফিসার ইনচার্জকে অনুরোধ জানানো হয়।

৬। গোয়ালন্দ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

৭। বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টরী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ প্রচারের জন্য সহকারী প্রোগ্রামার, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

৮। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের সময় এবং অর্পণকৃত পুষ্পস্তবক সংরক্ষণের নিমিত্ত সার্বক্ষনিক আনসার সদস্য মোতায়নের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

৯। সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশাত্ববোধক গান পরিবেশনের ব্যবস্থা গ্রহণের জন্য সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমি, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ সফল ও স্বার্থক করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০২/২০২৩

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।
ফোন : ০২-৪৭৭৭৯৮১৯৯

নম্বর: ০৫.৪১.৮২২৯.০০০.১৮.১৩৪.২৩-১৫০/১(৮)　　　তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯ / ২৮ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৩। মেয়র, গোয়ালন্দ পৌরসভা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৫। উপজেলা..............................কর্মকর্তা/অফিসার ইনচার্জ, গোয়ালন্দঘাট থানা,গোয়ালন্দ, রাজবাড়ী।
০৬। চেয়ারম্যান, ...........................ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৭। জনাব.....................................................................গোয়ালন্দ, রাজবাড়ী।
০৮। অফিস কপি।

২৮/০২/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী